# বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

**বিনিয়োগ অগ্রাধিকার**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও ঢাকা-১২০৭।
www.bhtpa.gov.bd

স্মারকন নং ৫৬.০২.০০০০.০১৪.১৮.০০৮.২৩- ২২৫ তারিখ: ২৮/১২/২০২৩ ইং

**বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর, ২০২৩ হতে ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ত্রৈমাসিক প্রতিবেদন।**

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২০২৩-২৪ প্রস্তুত করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতিকে ০৩ (তিনটি) ক্যাটাগরিতে বিভক্ত করা হয়েছে। গত ০৯ নভেম্বর, ২০২৩ ইং তারিখে সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে। প্রস্তুতকৃত সিটিজেন চার্টার গত ১৩ নভেম্বর, ২০২৩ ইং তারিখে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েব সাইডে (www.bhtpa.gov.bd) আপলোড করা হয়েছে।

০২। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর আওতায় নাগরিক সেবায় ২য় কোয়াটারে বিনিয়োগকারীদের তথ্য সেবা প্রদান, স্পেস বরাদ্দের আবেদন, জমি/প্লট বরাদ্দের আবেদন, বিনিয়োগকারীকে পার্কের অভ্যন্তরীন ইউটিলিটি সেবা প্রদান, ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল রক্ষণাবেক্ষণ, উৎপাদন পযায়ে কাঁচামাল আমদানী সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়ন ও প্রত্যায়ন, বিনিয়োগকালীদের ব্যাংকিং সংক্রান্ত কাজে সহায়তা প্রদান, ওয়ার্ক পার্মিট, প্রজেক্ট রেজিস্ট্রেশন, ভিসা সুপারিশ, প্রজেক্ট ক্লিয়ারেন্স, ভিসা এ্যাসিস্টেন্স সেবাসমূহ প্রদান করা হয়। **উক্ত নাগরিক সেবায় নতুন করে ১ম এডহক আমদানি সনদ (IRC) এর সুপারিশ সংক্রান্ত সেবাটি অন্তর্ভুক্ত করা হয়েছে।** সেবার বিবরণী নিম্নরূপ:

| ক্র: | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সমসীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার [নাম, পদবি, টেলিফোন ও ইমেইল] |
|---|---|---|---|---|---|---|
| ১২ | ১ম এডহক আমদানি সনদ (IRC) এর সুপারিশ | ১। অনলাইনে আবেদন গ্রহণ (ওএসএস পোর্টালের মাধ্যমে আবেদন) | ১। সংশ্লিষ্ট ট্রেড অ্যাসোসিয়েশন/স্বীকৃত চেম্বারের মেম্বারশীপ সনদ।<br>২। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট/মনোনীত ব্যাংক পরিবর্তনের ক্ষেত্রে উভয় ব্যাংক হতে এনওসি।<br>৩। ইনকর্পোরেশন সার্টিফিকেট এবং হালনাগাদ ফর্ম- xii ।<br>৪। হালনাগাদ আয়কর সনদ ।<br>৫। এইচএস কোড সহ কাঁচামালের তালিকা।<br>৬। হালনাগাদ ফায়ার লাইসেন্স ।<br>৭। হালনাগাদ ট্রেড লাইসেন্স<br>৮।জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ/আবেদনকারীর পার্সপোর্ট। | ৫০০ টাকা +ভ্যাট | ৩ কার্যদিবস | জনাব মোঃ শফিক উদ্দীন ভুঁইয়া<br>রিসার্চ অফিসার<br>ওএসএস শাখা (অ: দা:)<br>shofique.bhtpa@gmail.com<br>০১৭২২-৫৮১২৮৭ |

০৩। সিটিজেন চার্টার কর্মপরিকল্পনার অংশ হিসেবে গত ১২ ডিসেম্বর, ২০২৩ ইং তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের অংশগ্রহণে অনলাইন প্লাটফর্মে (জুম অ্যাপ) এ সভা অনুষ্ঠিত হয় (কপি সংযুক্ত)। বর্ণিত সভায় বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিলেট এর স্টেকহোল্ডাগণের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্র: | প্রতিষ্ঠানের নাম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | রহমানিয়া সুপার মার্কেট | রহমানিয়া সুপার মার্কেট প্রতিষ্ঠানটিকে গ্যাস সংযোগ প্রদানের বিষয়ে জালালাবাদ গ্যাস কোম্পানী সিলেট কে অনুরোধ জানানো হবে। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কারিগরি অনুবিভাগ) |
| ২। | হেলথ ল্যান্ড মার্ক হোল্ডিং লিমিটেড | হেলথ ল্যান্ড মার্ক হোল্ডিং লিমিটেডকে জানুয়ারী, ২৪ ইং তারিখের মধ্যে নির্মাণ কার্যক্রম শুরু করতে হবে। | হেলথ ল্যান্ড মার্ক হোল্ডিং লিমিটেড |
| ৩। | টুগেদার আইটি ইন্ডাস্ট্রিজ লিঃ | টুগেদার আইটি ইন্ডাস্ট্রিজ লিঃ প্রতিষ্ঠানটিকে এসআরও মোতাবেক সুবিধাদি গ্রহণের নিমিত্ত H.S codeসহ আমদানিকৃতব্য পন্যের তালিকা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ও টুগেদার আইটি ইন্ডাস্ট্রিজ লিঃ |
| ৪। | ইএলবি লিমিটেড | ইএলবি লিমিটেড প্রতিষ্ঠান আগামী ২০ কার্যদিবসের মধ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের অনুকূলে নতুন পরিকল্পনা দাখিল করবে। | ইএলবি লিমিটেড |
| ৫। | আইরিশ ইলেক্ট্রনিক্স লি: | আইরিশ ইলেক্ট্রনিক্স লি: প্রতিষ্ঠানের অনুকূলে পুনরায় জমি বুঝিয়ে দিতে হবে এবং প্রতিষ্ঠানটি কাজ শুরু করার সাথে সাথে পানির লাইন সংযোগ দিতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৬। | র‍্যাংগস ইলেকট্রনিক্স কোম্পানী লিমিটেড | র‍্যাংগস ইলেকট্রনিক্স লিমিটেড প্রতিষ্ঠানকে গ্যাস সংযোগ প্রদানের বিষয়ে জালালাবাদ গ্যাস কোম্পানী সিলেট কে অনুরোধ জানানো হবে। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কারিগরি অনুবিভাগ) |
| ৭। | ইনোটেক হোলডিংস লিমিটেড এবং আরবিডি সফটওয়্যার অ্যান্ড টেকনোলজি লি:, | **ক।** Innotech Holdings Ltd. কে আগামী ০২ মাসের মধ্যে নির্মাণ কাজ শুরু করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল করা হবে।<br>**খ।** RBD Software & Technology Ltd. প্রতিষ্ঠানকে আগামী ০১ (এক) মাসের মধ্যে কার্যক্রম শুরু করতে হবে অন্যথায় বরাদ্দ বাতিল করা হবে। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ও বিনিয়োগকারী প্রতিষ্ঠান |

০৪। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রস্তুতকৃত সিটিজেন চার্টার মোতাবেক সেবা প্রদান করা হচ্ছে কি না এ বিষয়ে প্রশাসন শাখা পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষনান্তে দেখা যায় যে, প্রশাসন শাখা হতে নিম্নবর্ণিত অভ্যন্তরীন সেবা সঠিকভাবে প্রদান করা হয়:

| ক্র: | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | চাকরি স্থায়ীকরণ | আবেদনের মাধ্যমে | ১) সাদা কাগজে আবেদনপত্র<br>২) হালনাগাদ বার্ষিক গোপনীয় প্রতিবেদন | বিনামূল্যে | ৩০ কার্যদিবস | **সঠিকভাবে সেবা প্রদান করা হয়।** |
| ২। | পদোন্নতি সংক্রান্ত বিষয় | আবেদনের মাধ্যমে | ১) মেধা, জেষ্ঠ্যতা, অভিজ্ঞতার সনদ<br>২) এসিআর | বিনামূল্যে | ৪৫ কার্যদিবস | |
| ৩। | অর্জিত ছুটি মঞ্জুর | আবেদনের মাধ্যমে | ১) সাদা কাগজে আবেদনপত্র<br>২) ছুটি প্রাপ্যতার হিসাব | বিনামূল্যে | ৭ কার্যদিবস | |

| ক্র: | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৪। | শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর | আবেদনের মাধ্যমে | ১) সাদা কাগজে আবেদনপত্র<br>২) ছুটি প্রাপ্যতার হিসাব | বিনামূল্যে | ৭ কার্যদিবস | |
| ৫। | বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর | আবেদনের মাধ্যমে | ১) সাদা কাগজে আবেদনপত্র<br>২) ছুটি প্রাপ্যতার হিসাব<br>৩) ব্যক্তিগত তথ্য ফরম | বিনামূল্যে | ৭ কার্যদিবস | |

২৮.১২.২৬

(মোঃ তবিবুর রহমান)
পরিচালক (অর্থ ও প্রশাসন)
৫৫০০৭৩৭৮

সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, অগারগাঁও, ঢাকা।
[দৃ:আ: উপসচিব (কর্মসম্পাদন ও কৌশল শাখা), আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ]

**অনুলিপি:**
১। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।